রাজশাহী বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ স্নাতক(সম্মান)/স্নাতক ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০

অনলাইনে প্রাথমিক আবেদনের নির্দেশিকা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক(সম্মান)/স্নাতক ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০ এর আবেদনের ক্ষেত্রে প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের পদ্ধতিসহ সকল বিস্তারিত তথ্য admission.ru.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরন করে প্রাথমিক আবেদন করা যাবে।

১। যোগ্যতা যাচাই

ওয়েবসাইটের হোম পেজে “Start Preliminary Application” বাটনে ক্লিক করলে পরবর্তী পেজে প্রার্থীকে তার SSC/সমমান এবং HSC/সমমান উভয় পরীক্ষার রোল, শিক্ষাবোর্ড ও পাশের বছর প্রদান করতে হবে। সেই সাথে পেজে প্রদত্ত একটি ছবিতে দৃশ্যমান সংখ্যা ও অক্ষর (Captcha) যথাস্থানে ইনপুট দিতে হবে।

কারিগরি শিক্ষা বোর্ডের শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষাবোর্ডের স্থলে প্রযোজ্য ক্ষেত্রে **Technical-Vocational** অথবা **Technical-HBM/DIC** (Diploma in Commerce অথবা Business Management-এর ক্ষেত্রে), GCE (A লেভেল, O লেভেল) ও BFA এর শিক্ষার্থীরা বোর্ডের স্থলে **Others (GCE-A Level/BFA)** সিলেক্ট করবে।

সকল তথ্য সঠিক ভাবে পূরণ করে “Submit” বাটনে ক্লিক করলে প্রার্থীর মোবাইল নম্বর প্রদানের পেজ পাওয়া যাবে। কোন আবেদনকারীর প্রয়োজনীয় তথ্যাদি শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত ডাটাবেসে না পাওয়া গেলে “Complain Box”-এর মাধ্যমে সংশ্লিষ্ট অভিযোগ (প্রয়োজনীয় তথ্যাদি সহ) প্রদান করতে পারবে। প্রদানকৃত তথ্য পর্যবেক্ষন করে তার মোবাইল ফোনে যোগাযোগ করা হবে।

২। প্রাথমিক আবেদন প্রক্রিয়া

(ক) মোবাইল নম্বর প্রদান এবং ভেরিফিকেশন

আবেদন প্রক্রিয়ার শুরুতেই প্রার্থীর মোবাইল নম্বরটি নিশ্চিত করতে হবে। **মোবাইল নম্বরটি অবশ্যই প্রার্থীর নিজের অথবা অভিভাবকের হতে হবে । একই মোবাইল নম্বর একাধিক প্রার্থীর জন্য ব্যবহার করা যাবে না।** প্রার্থীর ভর্তি সংক্রান্ত সকল প্রকার তথ্য প্রদানের জন্য প্রদত্ত নম্বরে যোগাযোগ করা হবে। মোবাইল নম্বর সতর্কতার সাথে প্রদান করা প্রয়োজন। ভুল নম্বর প্রদান করলে প্রার্থীর সাথে যোগাযোগ করা সম্ভব হবে না এবং এজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সঠিক মোবাইল নম্বর প্রদানের পর "Submit"-এ ক্লিক করলে প্রদত্ত মোবাইল ফোনে চার ডিজিটের একটি PIN নম্বর পাঠানো হবে। প্রাপ্ত PIN নম্বরটি নির্ধারিত বক্সে লিখে "Verify PIN" এ ক্লিক করলে মোবাইল নম্বরটি নিশ্চিত হবে। মোবাইল নম্বর ভুল হলে "Edit Mobile No." লিংকে গিয়ে নম্বরটি সংশোধন করা যাবে।

(খ) প্রাথমিক আবেদনের ইউনিট সিলেকশন

মোবাইল নম্বর নিশ্চিত করলে প্রার্থীর SSC/সমমান এবং HSC/সমমান পরীক্ষার তথ্যসহ প্রাথমিক আবেদনযোগ্য ইউনিটসমূহের তালিকা প্রদর্শিত হবে। সকল তথ্য সঠিকভাবে মিলিয়ে নিতে হবে। কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে "Exit"–এ ক্লিক করে তা সংশোধন করে নিতে হবে। আবেদনকারী যে যে ইউনিটে প্রাথমিক আবেদন করতে ইচ্ছুক তাদের পাশে টিক (√) চিহ্ন (আবেদনযোগ্য কোন ইউনিটে পরবর্তীতেও আবেদন করা যাবে) দিয়ে "Submit"-এ ক্লিক দিতে হবে।

(গ) ছবি আপলোড

এই ধাপে আবেদনকারীকে সদ্য তোলা একটি 300×400 পিক্সেল সাইজের স্পষ্ট (Studio quality) রঙ্গিন JPG ফরমেটের ছবি আপলোড করতে হবে। ছবির ফাইল সাইজ কোন মতেই ১০০ কিলোবাইটের বেশি হতে পারবে না।

ছবির পেছনে এক রঙের হালকা ব্যাকগ্রাউন্ড থাকবে; ব্যাকগ্রাউন্ডে কোন গাছপালা, প্রাকৃতিক দৃশ্য ইত্যাদি গ্রহণযোগ্য হবে না। স্কুল/কলেজের ড্রেস পরিহিত ছবি ব্যবহার করা যাবে না। উল্লেখ্য যে, আবেদনের সময় প্রদত্ত ছবিই বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ব্যবহার করা হবে। সফটওয়্যারের সাহায্যে কোন রকম ইফেক্ট দেওয়া ছবি গ্রহনযোগ্য হবে না। প্রাথমিক আবেদনের সময় ছবি সংক্রান্ত কোন সংশোধন করা যাবে না।

(ঘ) কোটার তথ্য প্রদান

সঠিকভাবে ছবি আপলোডের পর আবেদনকারীকে তার ঈপ্সিত কোটা/কোটাসমূহ (সংশ্লিষ্ট কোটার সুবিধা নিতে আগ্রহী হলে) সিলেক্ট করতে হবে। FFQ-এর আবেদনকারীকে অতিরিক্ত দুটি অপশন (পুত্র/কন্যা, নাতি/নাতনী) –এর একটি অবশ্যই সিলেক্ট করতে হবে। যে কোটায় আবেদন করতে ইচ্ছুক তার পাশে টিক চিহ্ন দিয়ে সংশ্লিষ্ট কাগজপত্রের স্ক্যান কপি (সর্বোচ্চ ২ মেগাবাইট) একটি মাত্র JPG/PDF ফাইলের মাধ্যমে আপলোড করতে হবে।

FFQ-এর ক্ষেত্রে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্র এবং প্রার্থীর সাথে সম্পর্ক প্রমানের প্রয়োজনীয় জন্মসনদ পত্র/পত্রসমূহ একটি ফাইল (JPG/PDF) –এর মাধ্যমে আপলোড করতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রেও প্রয়োজনীয় প্রমাণপত্র আপলোড করতে হবে। সংগৃহীত সকল কাগজপত্র সংরক্ষণ করা হবে।

ভর্তি পরীক্ষা পরবর্তী সময়ে কোটার সংশ্লিষ্ট মূল কাগজপত্র সহ প্রয়োজনীয় প্রমানাদি উপস্থাপনে ব্যর্থ হলে সকল প্রকার ভর্তির সুযোগ বাতিল করা হবে।

(ঙ) আবেদনের তথ্য প্রদান সম্পন্নকরন

প্রয়োজনীয় তথ্যাদি সঠিকভাবে প্রদানের পর “Next” বাটনে ক্লিকের মাধ্যমে পরবর্তী ধাপে আবেদনকারীর তথ্যাবলী প্রদর্শিত হবে। কোন তথ্য ভুল থাকলে “Back” বাটনে ক্লিক করে পূর্ববর্তী ধাপে ফিরে গিয়ে তা সংশোধন করা যাবে। “Submit Preliminary Application” বাটনে ক্লিক দিলে প্রার্থীর প্রাথমিক আবেদনের তথ্যাদি প্রদান সম্পন্ন হবে এবং একটি স্লিপ পাওয়া যাবে। উক্ত স্লিপে আবেদনকারীর Application ID, Bill Number এবং ফি এর পরিমাণ (৫৫/- টাকা) মুদ্রিত থাকবে। স্লিপটির নিচের দিকে অবস্থিত “Download Payslip” বাটনে ক্লিক করে স্লিপটি প্রিন্ট বা সংরক্ষণ (Save) করা যাবে। এই স্লিপে প্রদত্ত তথ্য পরবর্তীতে প্রয়োজন হবে। OK বাটনে ক্লিকের মাধ্যমে প্রক্রিয়াটি সমাপ্ত হবে। প্রাপ্ত Bill Number ব্যবহার করে মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ফি প্রদান করতে হবে।

প্রাথমিক আবেদনকারীদের HSC/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি ইউনিটের জন্য অনধিক ৩২০০০ আবেদনকারী নির্বাচন করা হবে। **নির্বাচিত প্রার্থীদেরকে ১৬/০৯/২০১৯ তারিখের পর নির্দিষ্ট সময় (পরবর্তীতে উল্লেখ করা হবে)-এর মধ্যে admission.ru.ac.bd এর মাধ্যমে তার মূল (চুড়ান্ত) আবেদন সম্পন্ন করতে হবে।**

৩। ফি প্রদান পদ্ধতি ও প্রাথমিক আবেদন নিশ্চিতকরণ

স্লিপে প্রদত্ত Bill Number ব্যবহার করে রকেট/শিওরক্যাশ এর মাধ্যমে প্রাথমিক আবেদনের ফি (সার্ভিস চার্জসহ ৫৫/- টাকা) নিম্নে উল্লেখিত পদ্ধতিতে প্রদান করার মাধ্যমে প্রাথমিক আবেদন নিশ্চিত (Confirm) করতে হবে। **সংশ্লিষ্ট ফি প্রদান ব্যতিত আবেদন সম্পন্ন হবে না।**

রকেট এর মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ

Step-1:	ডায়াল *322# ।
Step-2:	"1. Bill Pay" অপশন সিলেক্ট করতে হবে।
Step-3:	"2. Other" অপশন সিলেক্ট করতে হবে।
Step-4:	"Enter Payer Mobile No." এর স্থলে প্রার্থীর মোবাইল নম্বর দিতে হবে।
Step-5:	Enter Biller ID. এর স্থলে ‘377’ টাইপ করতে হবে।
Step-6:	Enter Bill Number এর স্থলে অবশ্যই স্লিপে প্রদত্ত Bill Number টি প্রদান করতে হবে।
Step-7:	Enter Amount এর স্থলে স্লিপে প্রদত্ত সর্বমোট ফি এর পরিমাণ দিতে হবে।
Step-8:	Enter PIN এর স্থলে Customer এর রকেট Account এর PIN নম্বর দিতে হবে।
Step-9:	Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে।

শিওরক্যাশ এর মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ

Step-1: *495# ডায়াল করতে হবে।

Step-2: "3. Payment" অপশন সিলেক্ট করতে হবে।

Step-3: "1. RU" অপশন সিলেক্ট করতে হবে।

Step-4: Enter Your Bill Number এর স্থলে অবশ্যই স্লিপে প্রদত্ত Bill Number টি প্রদান করতে হবে।

Step-5: Enter PIN এর স্থলে Customer এর শিওরক্যাশ Account এর PIN নম্বর দিতে হবে।

Step-6: Payment Confirmation SMS আসবে। SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে।

ফি প্রদানের পরবর্তী ৪৮ ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট আবেদনের তথ্য ওয়েবসাইটে আপডেট করা হবে।

৪। বিশেষ প্রার্থীদের আবেদন পদ্ধতি

GCE (A লেভেল, O লেভেল) ও BFA এর আবেদনকারীদের ওয়েব সাইটের হোম পেজে "Start Preliminary Application" বাটনে ক্লিকের মাধ্যমে পরবর্তী পেজে প্রবেশ করে পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য (বোর্ডের স্থলে Others (GCE-A Level/BFA) সিলেক্ট করতে হবে) সহ HSC ও SSC এর সমমান পরীক্ষার মার্কসিটের Scan Copy (প্রতিটির সাইজ অনুর্ধ 1MB) আপলোড করতে হবে। পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে আবেদনকারীর প্রদত্ত মোবাইল ফোনে আবেদনের যোগ্যতার বিষয়টি অবহিত করা হবে। এরপর আবেদনকারীকে উপরে বর্ণিত (১) হতে (৩) নং পদ্ধতি অনুসরন করে আবেদন সম্পন্ন করতে হবে।

ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য Email: ru_admission@ru.ac.bd

Helpline: 01703-899973, 01703-899974, 01797-234567

(০৩/০৯/২০১৯ হতে ১২/০৯/২০১৯ তারিখ প্রতিদিন সকাল ০৯:৩০টা – রাত ০৮:৩০টা)

প্রফেসর মো. খাদেমুল ইসলাম মোল্যা
পরিচালক, আইসিটি সেন্টার
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।